ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২৭৩৮

আগরতলা,৪ সেপ্টেম্বর,২০২৫

## কিরিট চন্দ্র পাড়ায় যমজ নবজাত শিশুর প্রসূতি মাকে আশাকর্মীদের এইচ.বি.এন.সি পরিষেবা প্রদান





নবজাত শিশুর সুস্বাস্থ্য নিশ্চিত করার লক্ষ্যে বাড়িতে গিয়ে নবজাত শিশুর যত্ন বা এইচ.বি.এন.সি পরিষেবা বাস্তবায়িত করতে আশাকর্মীরা নিয়মিত নবজাতকের বাড়ি পরিদর্শন ও পর্যবেক্ষণ করছেন। এই কর্মসূচিতে ৩ থেকে ১৫ মাস বয়সী শিশুর বাড়িতে গিয়ে শিশুর স্বাস্থ্য, পুষ্টি, টিকাদান, পরিচ্ছন্নতা ও যত্ন সম্পর্কে শিশুর মাকে পরামর্শ ও সহায়তা প্রদান করছেন আশাকর্মীরা। উক্ত কর্মসূচিতে গত ৩ সেপ্টেম্বর ২০২৫ দক্ষিণ ত্রিপুরার বৈষ্ণবপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের অধীন পূর্ব সাব্রুম আয়ুষ্মান আরোগ্য মন্দিরের আশাকর্মী কতাশ্রী ত্রিপুরা স্থানীয় কিরিট চন্দ্র পাড়ায় এক নবজাতকের পরিচর্যা ও পর্যবেক্ষণে তার বাড়িতে পরিদর্শন করেন। ঐ এলাকার বাসিন্দা পুষ্প মালা ত্রিপুরা-র গত ২৭ আগস্ট ২০২৫ যমজ সন্তানের প্রসব হয়। এই যমজ দুটি শিশুর বাড়িতে পরিদর্শনকালে আশাকর্মীরা দুটি শিশুর ওজন পরিমাপের পাশাপাশি শিশুর সুস্বাস্থ্য রক্ষায় অন্যান্য বিষয়গুলি খতিয়ে দেখেন। ওজন পরিমাপে দেখা যায় যে একটি পুত্র সন্তানের ওজন ছিল ২.৩ কেজি এবং অন্য কন্যা সন্তানটির ওজন ছিল ২.৪ কেজি। উক্ত পরিদর্শনে দুটি নবজাতের সুস্বাস্থ্য রক্ষায় এবং পুষ্টি ও পরিচর্যার বিষয়ে প্রসূতি মাকে আশাকর্মীরা প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।

*****